



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা।

website: www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কারিকুলাম/ ১৫৭/২

তারিখ : ২৫/০৭/২০১৬

বিষয় : ইন্টার্যাকটিভ ডিজিটাল মাদরাসা টেকস্টবুক (IDMT) ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স- এ অংশগ্রহণের জন্য শিক্ষক মনোনয়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে এতদসঙ্গে সংযুক্ত তালিকায় অন্তর্ভুক্ত মাদরাসা প্রধানদের দৃষ্টিআকর্ষণ করে জানানো যাচ্ছে যে, মাদরাসা শিক্ষা ধারার দাখিল ৬ষ্ঠ শ্রেণির ৪টি বিষয়ের প্রচলিত পাঠ্যপুস্তকের ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন ইতোমধ্যে তৈরি করা হয়েছে। উক্ত ডিজিটাল পাঠ্যপুস্তকের পরীক্ষামূলক ব্যবহারের জন্য ৩৯ টি মাদরাসা বাছাই করে একটি তালিকা তৈরি করা হয়েছে। তালিকাভুক্ত মাদরাসা প্রধানদের স্ব-স্ব মাদরাসায় IDMT ব্যবহারের কাজ তদারকির জন্য কম্পিউটার পরিচালনায় দক্ষ একজন শিক্ষককে ফোকাল পয়েন্ট হিসেবে নিয়োগ দানের জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে (আরবি ও ইসলামী বিষয়ে পাঠদানকারী শিক্ষক অগ্রাধিকার পাবে)। নিয়োগকৃত ফোকালপয়েন্ট/পার্সনদের জন্য আগামী ২৮/৭/২০১৬খ্রী. তারিখে সকাল ১০:০০টায় ঢাকার পলাশীস্থ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের **Computer Science and Engineering (CSE)** বিভাগের পক্ষ থেকে দিনব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে মাদরাসা কর্তৃক নিয়োগকৃত শিক্ষকদের অংশ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য প্রশিক্ষণে অংশগ্রহণকারী অবশ্যই একটি ল্যাপটপ সঙ্গে নিয়ে আসতে হবে। মনোনিত শিক্ষকের টি.এ/ডি.এ মাদরাসা কর্তৃপক্ষ বহন করবে।

সংক্ষিপ্ত: মাদরাসা প্রধানকে।

(প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মাদরাসাশিক্ষা বোর্ড, ঢাকা।

কপি বিতরণ :

- ১। সংশ্লিষ্ট মাদরাসা।
- ২। অফিস কপি

